



রামিসা হত্যা মামলার শুনানি পরিচালনা করবেন অ্যাটর্নি জেনারেল



অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল। ছবি: সংগৃহীত

রামিসা হত্যা মামলাসহ নারী ও শিশু নির্যাতন সংশ্লিষ্ট ধর্ষণ-হত্যার মামলাগুলোর বিচার হাইকোর্টে অগ্রাধিকার ভিত্তিতে এবং বিরতিহীনভাবে পরিচালিত হবে বলে জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল।

বৃহস্পতিবার (১১ জুন) নিজ কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, রামিসা হত্যা মামলার ডেথ রেফারেন্স ও আপিল শুনানির জন্য রাষ্ট্রপক্ষের বিশেষ আইনজীবী প্যানেল গঠন করা হয়েছে। তিনি নিজেও মামলাটির ডেথ রেফারেন্স শুনানিতে রাষ্ট্রপক্ষের পক্ষে অংশ নেবেন বলে জানান।

এর আগে নারী ও শিশু নির্যাতন দমন আইনের আওতাধীন মামলাগুলোর ডেথ রেফারেন্স ও আপিল শুনানির জন্য হাইকোর্টে একটি বিশেষ বেঞ্চ গঠন করেন প্রধান বিচারপতি। আগামী রোববার থেকে বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজার সমন্বয়ে গঠিত বেঞ্চ বিচারিক কার্যক্রম শুরু করবে।

সুপ্রিম কোর্ট প্রশাসনের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নারী ও শিশু নির্যাতন দমন আইনে দেওয়া মৃত্যুদণ্ডের রায় অনুমোদন সংক্রান্ত রেফারেন্স, ফৌজদারি আপিল এবং জেল আপিলগুলো এই বেঞ্চে অগ্রাধিকার ভিত্তিতে শুনানি করা হবে।

রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা আশা প্রকাশ করেন, এ উদ্যোগের মাধ্যমে আলোচিত ও গুরুত্বপূর্ণ মামলাগুলোর বিচারপ্রক্রিয়া দ্রুত সম্পন্ন হবে এবং ভুক্তভোগীরা ন্যায়াবিচার পাবেন।